# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 08-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-----------------------------------------

১) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর শ্রী নরেন্দ্র মোদীকে নতুন সরকার গঠনের আমন্ত্রণ । এন ডি এ মিত্রজোটের পক্ষ থেকে নরেন্দ্র মোদীকে প্রধানমন্ত্রী পদের জন্য মনোনীত ।

২) রাষ্ট্রপতি ভবণে আগামীকাল আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে ৭টি রাষ্ট্রের শীর্ষস্থানীয় নেতার অংশ গ্রহণের সম্ভাবনা । অনুষ্ঠানে যোগ দিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন দিল্লীতে উপস্থিত ।

৩) কংগ্রেস দলের কার্যকারী সমিতির গুরুত্বপূর্ণ বৈঠকে রাহুল গান্ধীকে বিরোধী দলনেতা হিসেবে সর্বসম্মতিক্রমে নির্বাচিত ।

এবং

৪) মাদকদ্রব্য বিরোধী অভিযানে আসাম পুলিশের বৃহৎ সাফল্য । রাজ্যের বিভিন্ন স্থানে মাদকদ্রব্য জব্দ ।

---

আগামীকাল কেন্দ্রে একটি নতুন সরকার গঠনের জন্য আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানের প্রস্তুতি পূর্ণ গতিতে এগিয়ে চলেছে । আগেই জানানো হয়েছে যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিদায়ী সরকারের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কেন্দ্রে নতুন

সরকার গঠনের জন্য আমন্ত্রণ জানিয়েছেন । আগামীকাল সন্ধ্যা ৭টা ১৫ মিনিটে রাষ্ট্রপতি ভবণে এই শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং তার মন্ত্রীসভার অন্যান্য সদস্যদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করাবেন । শ্রী মোদী গতকালই রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মুর সঙ্গে সাক্ষাৎ করে কেন্দ্রে নতুন সরকার গঠনের দাবী জানিয়েছিলেন । এর আগে বি জে পির সর্ব ভারতীয় সভাপতি জে পি নাড্ডার নেতৃত্বে এন ডি এর একটি প্রতিনিধি দল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে নরেন্দ্র মোদীকে বি জে পির সংসদীয় দলের নেতা নির্বাচিত করা হয়েছে বলে উল্লেখ করে একটি পত্র প্রদান করেন । তিনি এন ডি এর মিত্র দলগুলির একটি সমর্থন পত্রও রাষ্ট্রপতির হাতে তুলে দেন ।

রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করার পর ভবণ প্রাঙ্গনের বাইরে এসে শ্রী মোদী বলেন যে এন ডি এ একটি শক্তিশালী , স্থিতিশীল এবং বিকাশমুখী সরকার গঠন করবে । শ্রী মোদী বলেন যে রাষ্ট্রপতি তাকে কার্যবাহী প্রধানমন্ত্রী হিসেবে মনোনীত করেছেন এবং আগামীকাল শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হলে কোন ধরণের অসুবিধা নেই বলে তিনি রাষ্ট্রপতিকে অবগত করেছেন । রাষ্ট্রপতি ভবণই শপথ গ্রহণ অনুষ্ঠানের যাবতীয় ব্যবস্থা করবে এবং নিদৃষ্ট সময়ের মধ্যেই নতুন মন্ত্রীসভার সদস্যদের নাম রাষ্ট্রপতির কাছে প্রেরণ করা হবে বলেও শ্রী মোদী উল্লেখ করেন ।

তিনি বলেন যে জনসাধারণ এন ডি এ সরকারকে আরো একবার সুযোগ দিয়েছে এবং এই সুযোগের সদব্যবহার তার সরকার জনসাধারণের আশা-আকাঙ্খা পূরণ করবে । শ্রী মোদী বলেন যে তার সরকার দেশকে দ্রুত বিকশিত করার জন্য চেষ্টার কোন ত্রুটি করবে না বলেও মন্তব্য করেন ।

এর আগে এন ডি এর সংসদীয় দল সর্বসম্মতিক্রমে শ্রী মোদীকে নেতা নির্বাচিত করে । নতুন দিল্লীর পুরনো সংসদ ভবণের কেন্দ্রীয় প্রেক্ষাগৃহে আয়োজিত এন ডি এর সংসদীয় দলের বৈঠকে বি জে পির প্রবীন নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং শ্রী মোদীকে এন ডি এর নেতা হিসেবে মনোনীত করার প্রস্তাব পেশ করেন । বি জে পির প্রবীন নেতা সহ মিত্র জোটের সব

সদস্যরাই এই প্রস্তাবের সমর্থন করেন । শ্রী মোদীকে লোকসভায় বি জে পি দলের নেতা এবং সংসদীয় দলের নেতা হিসেবেও মনোনীত করা হয় । শ্রী মোদীর নাম প্রস্তাব করে শ্রী রাজনাথ সিং বলেন যে এই পদের জন্য তিনিই সবচেয়ে উপযুক্ত ব্যাক্তি । বি জে পির প্রবীন নেতা নীতিন গাডকারী বলেন যে শ্রী নরেন্দ্র মোদী দেশকে সমৃদ্ধশালী এবং শক্তিশালী করে গড়ে তোলার জন্য সম্পূর্ণ নিষ্ঠার সঙ্গে কাজ করে এসেছেন । তেলেগু দেশম পার্টীর নেতা চন্দ্রবাবু নাইডু বলেন যে এন ডি এ সরকার নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে গত দশ বছর দেশের জন্য গুরুত্বপূর্ণ কাজ করেছে । ওই সময় দেশ প্রগতি এবং পরিবর্তনের দিকে এগিয়েছে বলেও তিনি উল্লেখ করেন । প্রধানমন্ত্রী হিসেবে শ্রী মোদীর প্রতি সমর্থন জানিয়ে বিহারের মুখ্যমন্ত্রী তথা জে ডি ইউ নেতা নীতিশ কুমার বলেন যে এন ডি এর সব দলই ঐক্যবদ্ধ রয়েছে এবং সবাই শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কাজ করে যাবেন ।

আমাদের আকাশবাণী সংবাদদাতা জানিয়েছেন যে আগামীকাল অনুষ্ঠেয় শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশ গ্রহণের জন্য শ্রীলঙ্কার রাষ্ট্রপতি রণিল উইক্রেমাসিংহ , মালদ্বীপের রাষ্ট্রপতি ডক্টর মহাম্মদ মুইজ্জু , সিসিলসের উপ-রাষ্ট্রপতি আহমেদ আফিফ , মরিসাসের প্রধানমন্ত্রী প্রবীণ্ড কুমার যুগনাউথ ,নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহাল (প্রচন্ড) এবং ভূটনের প্রধানমন্ত্রী সেরিং তবগয় রাষ্ট্রপতি ভবণের আমন্ত্রণ গ্রহণ করেছেন । আগামীকালের শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতিমধ্যেই নতুন দিল্লীতে উপস্থিত হয়েছেন ।

উল্লেখ্য যে সদ্য সমাপ্ত দেশের সাধারণ নির্বাচনে এন ডি এ জোট ৫শো ৪৩টি আসনের মধ্যে ২শো ৯৩টি আসনে জয়ী হয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে ।

---------------------------------------------------------------------------------

নতুনদিল্লীতে আজ অনুষ্ঠিত কংগ্রেস দলের কার্যকরী সমিতির এক বৈঠকে দলের নেতা রাহুল গান্ধীকে বিরোধী নেতা হিসেবে নির্বাচিত করা হয়েছে । বৈঠকের পর আয়োজিত সাংবাদিক সম্মেলনে সম্বোধন করে প্রবীণ কংগ্রেস নেতা কে সি ভেনুগোপাল বলেন যে শ্রী গান্ধীর নেতৃত্বে সংসদে একটি

শক্তিশালী ও সক্রিয় বিরোধী গঠন হবে । প্রবীণ কংগ্রেস নেতা জয়রাম রমেশ যোগ করেন যে সাম্প্রতিক নির্বাচনগুলি কংগ্রেস দলের জন্য একটি বুস্টার ডোজ হিসেবে কাজ করেছে । তিনি আরো বলেন যে সাম্প্রতিক লোকসভা নির্বাচনে রাজ্য স্তরে দলের প্রদর্শন নিয়ে আগামীতে বিস্তারিত আলোচনা করা হবে । এর আগে কার্যকরী সমিতির বৈঠকের শুরুতে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে দলের সব নবনির্বাচিত সদস্যদের অভিনন্দন জানান যারা প্রতিকূল পরিস্থিতি সত্বেও নির্বাচনে লড়াই করেছেন এবং জয়ী হয়েছেন । উত্তর-পূর্বাঞ্চলে বিশেষ করে মণিপুরে দল উভয় আসনেই জয়লাভ করেছে এবং নাগাল্যান্ড ,মেঘালয় সহ আসামেও আসন লাভ করতে সক্ষম হয়েছে বলে শ্রী খাড়গে উল্লেখ করেন । বৈঠকে দলের প্রবীণ নেত্রী সোনিয়া গান্ধী , রাহুল গান্ধী ও দলের সাধারণ সম্পাদক প্রিয়াংকা গান্ধী ভদ্রা সহ  দলের অন্যান্য  নেতারা উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------

বিদ্যালয়ে শিক্ষক কর্মচারীদের সময়ানুবর্তিতা বজায় রাখার জন্য আসাম সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ শিক্ষা সেতু এ্যাপে উপস্থিতি সম্পর্কে নতুন নির্দেশ জারী করেছে । বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব নারায়ণ কোঁয়রের জারী করা নির্দেশ অনুসারে  শিক্ষক কর্মচারীদের বিদ্যালয়ে প্রবেশ ও প্রস্থানের সময় শিক্ষা সেতু এ্যাপে বাধ্যতামূলকভাবে চিহ্নিত করতে হবে । এছাড়া বিদ্যালয়ে প্রবেশের ১৫ মিনিট দেরী হলে বা নির্ধারিত সময়ের আগে বিদ্যালয় থেকে প্রস্থান করলে এবং এধরণের কাজ দুবারের অধিক হলে শিক্ষক কর্মচারীদের হাফ ডে লিভ কর্তন করা হবে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

------------------------------------------------------------------------

রেল পুলিশ আজ গৌহাটী রেলস্টেশনে অভিযান চালিয়ে বেশ কিছু পরিমাণ ভাং জব্দ করতে সক্ষম হয়েছে । নিউ তিনসুকিয়া -ব্যাঙ্গালুরু এক্সপ্রেসে চালানো তল্লাশিতে রেল পুলিশ প্রায় ৪৪ কিলোগ্রাম ভাং জব্দ করেছে । এই ঘটনা সম্পর্কে পুলিশ কেরালার দুজন ব্যাক্তকে গ্রেপ্তার করেছে ।

এদিকে কার্বি-আংলং জেলায়ও জেলা পুলিশ অভিযান চালিয়ে লাহরিজানে একটি গাড়ী থেকে ৮৪৫ গ্রামেরও  অধিক হেরোইন জব্দ করা সহ দুজন

ব্যাক্তিকে গ্রেপ্তার করেছে । গোপন সূত্রের খবরের ভিত্তিতে চালানো অভিযানে পুলিশ মনিপুর থেকে অভিমূখে আসা গাড়ীটির গোপন চেম্বারে লুকিয়ে রাখা হেরোইন জব্দ করতে সক্ষম হয় । আর্ন্তজাতিক বাজারে এর মূল্য প্রায় ২ কোটি টাকা বলে পুলিশ সুত্রে জানানো হয়েছে ।

---

বাংলাদেশে ঈদ উৎসব পালনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ের সংগে আলোচনা করে ভারতীয় রেলওয়ের পক্ষ থেকে নিউ জলপাইগুড়ি - ঢাকা - নিউ জলপাইগুড়ি মিতালি এক্সপ্রেসের পরিষেবা বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এছাড়া যাত্রীদের অতিরিক্ত ভীড় হ্রাস করতে উত্তর- পূর্ব সীমান্ত রেলোয়ের পক্ষ থেকে দুই জোড়া স্পেশাল ট্রেন ( মাইসোর - মুজাফফরপুর - মাইসোর ) এর দুবার যাতায়াতের পরিষেবা এবং ( রানি কমলাপতি - আগরতলা- রানি কমলাপতি) র পরিষেবা যথাক্রমে উভয় দিক থেকে ছাব্বিশ বার যাতায়াতের জন্য অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । ট্রেনগুলির নির্ধারিত সময়সূচী অনুযায়ী ১২ , ১৬ ও ১৯ শে জুন নির্ধারিত ট্রেন নিউ জলপাইগুড়ি - ঢাকা মিতালি এক্সপ্রেস বাতিল থাকবে । ১৩ , ১৭ ও ২০ জুন ঢাকা- নিউ জলপাইগুড়ি মিতালি এক্সপ্রেস বাতিল থাকবে ।বাংলাদেশ ঈদ উৎসবের পরে পুনরায় মিতালি এক্সপ্রেসের স্বাভাবিক পরিষেবা চালু হবে ।

এদিকে মাইসোর - মুজাফফর স্পেশালের পরিষেবা ১৭ জুন থেকে ২৪ শে জুন পর্যন্ত প্রতি সোমবার বৃদ্ধি করা হয়েছে । ফেরার সময় মুজাফফর - মাইসোর স্পেশালের পরিষেবা ২০ জুন থেকে ২৭ শে জুন পর্যন্ত প্রতি বৃহস্পতিবার বৃদ্ধি করা হয়েছে । একইভাবে রানি কমলাপতি আগরতলা সাপ্তাহিক এক্সপ্রেস স্পেশালের পরিষেবা ২৭ শে জুন থেকে ২৬ শে ডিসেম্বর পর্যন্ত প্রতি বৃহস্পতিবার করা হয়েছে । ফেরার সময় আগরতলা - রানি কমলাপতি সাপ্তাহিক এক্সপ্রেস স্পরশালের পরিষেবা ৩০ শে জুন থেকে ২৯ শে ডিসেম্বর পর্যন্ত প্রতি রবিবার বৃদ্ধি করা হয়েছে । এই ট্রেনগুলির পরিষেবা বৃদ্ধি করার ফলে সংশ্লিষ্ট রুটগুলির অন্যান্য ওয়েটিং লিস্টের যাত্রীরা উপকৃত হবেন ।

এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচীর বিস্তারিত বিবরণ আই আর সিটিসি ওয়েবসাইট এবং উত্তর পূর্ব সীমান্ত রেলোয়ের সামাজিক মাধ্যম প্লেটফর্মে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------

শিলচর ক্যাপিটেল পয়েন্ট থেকে রাংগীরখাড়ি ও সোনাই রোডের ভাঙা সড়ক সংস্কারের দাবীতে মার্চ ফর সায়েন্স শিলচর চাপ্টার , নাগরিক স্বার্থ রক্ষা সংগ্রাম পরিষদ এবং হাসপাতাল রোড মাচেন্ট এসোসিয়েশন এর যৌথ উদ্যোগে যে আন্দোলনের সূচণা করা হয় তাকে আরো শক্তিশালী করতে সংগঠন গুলির পক্ষ থেকে শহরের বিভিন্ন রাজনৈতিক দল , সংগঠনের প্রতি আহ্বান জানানো হয় ।সংগঠনের পক্ষ থেকে উদ্বেগ প্রকাশ করে বলা হয় যে এই সড়কটিতে স্থানে স্থানে যে গর্তের সৃষ্টি হয়েছে তাতে প্রায় ই দূর্ঘটনা ঘটছে ।কিন্তু সংশ্লিষ্ট বিভাগে গিয়ে এসম্পর্কে বিস্তারিত   জানালে ও বিষয়টি এড়িয়ে গিয়ে  কোনো পদক্ষেপ গ্রহণ করা হচ্ছেনা বলে সংগঠনগুলির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে । পরে সংশ্লিষ্ট বিভাগের সোনাই রোডের কার্যালয়ে গিয়ে অবিলম্বে সড়ক সংস্কারের দাবী জানালে আধিকারিকদের পক্ষ থেকে সড়ক সংস্কারের আশ্বাস জানানো হয় ।

---------------------------------------------------------------------